

টেকনিক এলাকায় কার্ফিউ জারী  
সিলেটে ছাত্র-গ্রামবাসী  
সংঘর্ষ : নিহত ১  
অর্ধ শতাব্দিক আহত

(নিজস্ব প্রতিনিধি)

সিলেট ২রা এপ্রিল।—  
পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রের  
হাতে একজন গ্রামবাসী নিহত  
হওয়ার জের হিসাবে গ্রামবাসী ও  
ছাত্রদের মধ্যে সংঘর্ষের ফলে প্রায়  
অর্ধশতাব্দিক ব্যক্তি আহত, ১  
জন গুরুতর ও একটি ছাত্রবাস  
ভঙ্গীভূত হয়েছে। পরিস্থিতি  
নিয়ন্ত্রণের জন্য সিলেট পলিটেক-  
নিক ইনস্টিটিউট এলাকায় কার-  
ফিউ জারী করা হয়েছে।

আজ সকাল ৯টায় সুরমা মেইল  
যোগে বিনা টিকিটের যাত্রী পলি-  
টেকনিক ইনস্টিটিউটের একজন  
ছাত্র সিলেট রেলস্টেশনে অবতরণ  
করলে টিকিট কালেক্টরের সাথে

তার বচসা হয়। পরে ভাড়া দিয়ে  
ছাত্রটি চলে গেলে ১০জনের দিকে  
একদল ছাত্র রেলস্টেশনে ঢুকতে  
চেষ্টা করে। স্থানীয় লোকজন ও  
স্টেশনের কর্মীরা তাদের বাধা  
দেয়ার চেষ্টা করে। ছাত্রদের সাথে  
বাধাদানকারীদের ধস্তাধস্তির এক  
পর্যায়ে একজন ছাত্রের ছুরিকবাজে  
স্টেশনের পানদোকানদার মকবুল  
হোসেন—৩৩ মারাত্মক আহত  
হন। ছাত্ররা তৎক্ষণাৎ স্টেশন  
ত্যাগ করার সময় লোকজন ইউ-  
নুহ খান নামক তৃতীয় বর্ষের  
একজন ছাত্রকে আটক করে।

অহত মকবুল হোসেনকে হাস-  
পাতালে পাঠানো হলে সে পিথি-  
৫-এর পঃ দঃ

শতাব্দিক আহত

(১ম পঃ পর)

মধ্যে মারা যান। এ খবর ছড়িয়ে  
পড়ার সাথে সাথে পার্শ্ববর্তী  
খোজারখলা - বরইকাজির বিক্ষুব্ধ  
শত শত গ্রামবাসী পলিটেকনিক  
ইনস্টিটিউট ঘেরাও করে ছাত্রদের  
প্রহার করতে শুরু করে। একদল  
গ্রামবাসী সুরমা ছাত্রবাসে অগ্নি  
সংযোগ করে। দমকল বাহিনী ও  
পুলিশ ঘটনাস্থলে যাবার চেষ্টা  
করলে গ্রামবাসী বাধা দেয়। ফলে  
পুলিশের সাথে গ্রামবাসীর সংঘর্ষ  
শুরু হয়। এতে কর্মরত একজন  
ম্যাজিস্ট্রেট, ১০/১২ জন পুলিশ  
কনস্টেবল ও ২৩ জন ছাত্রই অর্ধ  
শতাব্দিক লোক আহত হন।

দমকল বাহিনী ছাত্রবাসের  
আগুন অনেক চেষ্টায় নিয়ন্ত্রণ  
করে। স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ  
ও পুলিশ অনেক চেষ্টায় পরি-  
স্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা  
করেন।

বিকাল ৫টায় স্থানীয় প্রশাসন  
সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট  
এলাকায় ১ হাজার গজের মধ্যে  
অনির্দিষ্টকালের জন্য কার্ফিউ জারি  
করেছে। স্থানীয় নেতৃবৃন্দ বিষ-  
য়টির মীমাংসা করতে চেষ্টা কর-  
ছেন বলে জানা গেছে।